

গমের পাতা ঝলসানো রোগ

রোগের কারণ: *Bipolaris sorokiniana* নামক বীজবাহিত ছত্রাকের আক্রমণে এ রোগটি হয়।

রোগের বিস্তার: উষ্ণ ও আর্দ্র আবহাওয়ায় এ রোগের মাত্রা দ্রুত বৃদ্ধি পায়।

লক্ষণ :

- চারা অবস্থায় আক্রমণের শুরুতেই সাধারণত পাতায় ছোট ছোট ডিম্বাকৃতির বাদামী দাগ দেখা যায়।
- গাছের বয়স বৃদ্ধির সাথে সাথে রোগ উপরের পাতায় ছড়াতে থাকে এবং পাতা শুকিয়ে যায়।
- দূর থেকে পাতাগুলো আগুনে পোড়া বা ঝলসানোর মত দেখায়।



ছবি : গমের পাতা ঝলসানো রোগে আক্রান্ত পাতা

দমন ব্যবস্থাপনা:

- রোগ সহনশীল জাত যেমন: বারি গম ২৫, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১ এবং বারি গম ৩২ চাষ করা।
- উপযুক্ত সময়ে বীজ বপন করা (১৫-৩০ নভেম্বর)
- বীজ বপনের পূর্বে কার্বোজিন (১৭.৫%) + থিরাম (১৭.৫%) গ্রুপের ছত্রাকনাশক দিয়ে যেমন : প্রোভ্যাক্স-২০০ ডব্লিউপি (৩গ্রাম/কেজি) অথবা ভিটাক্সো এফ এফ (৩মিলি/কেজি) দিয়ে বীজ শোধন করা।
- আগাছা দমন
- পরিমিত পরিমাণ সার ও সেচ দেয়া।
- শীষ বের হওয়ার সময় একবার এবং দুই সপ্তাহ পর আরও একবার প্রিপিকোনাভল গ্রুপের ছত্রাকনাশক যেমন- টিল্ট ২৫০ ইসি অথবা টেবুকোনাভল গ্রুপের ছত্রাকনাশক যেমন- ফলিকুর ২৫০ ইসি প্রতি লিটার পানিতে ০.৫ মিলি হারে মিশিয়ে গাছে স্প্রে করতে হবে।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।